

ফাইজার/বায়োএনটেক (Pfizer/BioNTech) এবং মডার্না (Moderna) কোভিড-19 টিকাসমূহ: কোনো পার্থক্য আছে কি?


7 জুন, 2021

ফাইজার/বায়োএনটেক এবং মডার্না কোভিড-19 টিকাসমূহ মূলত অভিন্ন - এগুলোর উভয়ই খুবই কার্যকর, খুবই নিরাপদ এবং এগুলো ভালোভাবে গবেষণা করা হয়েছে।



মডার্না এবং ফাইজার/বায়োএনটেক টিকাসমূহ মূলত ভিন্ন কোম্পানী দ্বারা উৎপাদিত একই পণ্য।

এগুলো বোতলজাত জলের দুইটি মার্কা বা ব্র্যান্ডের মতই - একই পণ্য তবে ভিন্ন কোম্পানী দ্বারা মোড়ক বা প্যাকেটজাত করা হয়েছে।



টিকাসমূহ একইভাবে কাজ করে - এগুলোর উভয়ই এমআরএনএ (mRNA) সংক্রান্ত টিকাসমূহ।

এগুলোর উভয়ই আপনার দেহের রোগ-প্রতিরোধ ব্যবস্থাকে কোভিড ভাইরাসটিকে চিনতে পারার জন্য নির্দেশনাবলী ("এমআরএনএ") প্রদান করে যাতে ভবিষ্যতে আপনার দেহে প্রকৃত ভাইরাসটি প্রবেশ করলে আপনি সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে পারেন। টিকাসমূহ ভাইরাসটি ধারণ করে না।



উভয় টিকাই কোভিড জনিত অসুস্থতার বিরুদ্ধে রক্ষা করায় খুবই কার্যকর।

বৃহৎ আকারের বৈজ্ঞানিক গবেষণায়, উভয় টিকাই 2 ডোজের পরে কোভিড জনিত অসুস্থতা প্রতিরোধে প্রায় 95% কার্যকর বলে প্রমাণিত হয়েছে।

গবেষণাসমূহ দেখায় যে একজন টিকা-গ্রহণকারী ব্যক্তি সংক্রমিত হয়েছেন এমন বিরল ক্ষেত্রে, এগুলো কোভিড-সম্পর্কিত হাসপাতালে ভর্তি হওয়া বা মৃত্যু উভয় প্রতিরোধে খুবই কার্যকর।




উভয় টিকারই একইরকমের পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ রয়েছে, যা হালকা এবং সাময়িক।

সবচেয়ে সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহের অন্তর্গত ইনজেকশনের স্থানে কাঁধে/বাহুতে ব্যাথা, দেহ ও মাংসপেশির ব্যাথা, শীত শীত লাগা, ক্লান্তিবোধ করা এবং জ্বর জ্বর বোধ করা। এইসকল পার্শ্ব-প্রতিক্রিয়াসমূহ সাধারণত প্রায় এক থেকে তিন দিনের মধ্যে ভালো হয়ে যায়।

টিকা দুইটির একটিও গর্ভাবস্থাসমূহ বা আপনার সন্তান ধারণ করার সক্ষমতার ওপর নেতিবাচক প্রভাব ফেলে না। টিকা দুইটির একটিও রক্ত জমাট বাধার কারণ নয়।

উভয় টিকাই উপরের বাহুতে ইনজেকশনের মাধ্যমে প্রদান করা হয় - অত্যন্ত দ্রুত এবং খুব কম অস্বস্তি সহকারে। একটি টিকা অন্য আরেকটির চেয়ে বেশী যন্ত্রণাদায়ক নয়।



যেই টিকাটি উপলভ্য তার ওপর নির্ভর করেই টিকাদান
ক্লিনিকসমূহ এবং স্থানসমূহ টিকাসমূহের যেকোন একটি পায়।

কানাডায় প্রতিটি টিকার সরবরাহসমূহ সপ্তাহ থেকে সপ্তাহে ভিন্ন হতে পারে।



ফাইজার/বায়োএনটেক এবং মডার্না টিকাসমূহ সমানভাবে
কার্যকর। আপনাকে যেটি প্রদান করা হবে সেটিই গ্রহণ করুন,
এটি জেনেই যে এগুলোর উভয়ই আপনাকে এবং আপনার
প্রিয়জনদের কোভিড-19 হতে অসুস্থ হওয়া থেকে রক্ষা করবে।



আমরা আশা করি যে আপনি এই বুলেটিনটি উপকারী মনে করবেন! আমরা
আপনাকে এটি ব্যাপকভাবে প্রচার, একটি অডিও বা ভিডিও ফাইলের পাণ্ডুলিপি বা
স্ক্রিপ্ট হিসাবে ধারণ বা রেকর্ড করে ব্যবহার বা অন্যদের সাথে বন্টন করার জন্য
এটিকে আরো ভাষায় অনুবাদ করার জন্য আমন্ত্রণ জানাই। অনুগ্রহ করে উৎসটিকে
কৃতিত্ব প্রদান করার ব্যাপারে নিশ্চিত হোন: উইমেন্স কলেজ হসপিটাল,
ওসিএএসআই (OCASI), টিএআইবিইউ (TAIBU) কমিউনিটি হেলথ সেন্টার এবং
রিফিউজি 613।

7 জুন, 2021 অনুযায়ী সঠিক

এই বুলেটিনের তথ্যটি কানাডীয় চিকিৎসকগণের দ্বারা যাচাই করা হয়েছে: মেব রশিদ, এমডি, সহযোগী অধ্যাপক,
ইউনিভার্সিটি অব টরন্টো (Meb Rashid MD, Assistant Professor, University of Toronto); ভ্যানেসা রেড্ডিট,
এমডি, প্রভাষক, ইউনিভার্সিটি অব টরন্টো (Vanessa Redditt, MD, Lecturer, University of Toronto); এবং
আইজ্যাক আই. বগোচ, এমডি, সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অব টরন্টো (Isaac I. Bogoch, MD, Associate
Professor, University of Toronto)

{ REFUGEE } 613

BE IN GOOD HEALTH
TAIBU
COMMUNITY
HEALTH CENTRE

OCASI
Ontario Council of Agencies Serving Immigrants

WCH
WOMEN'S COLLEGE HOSPITAL
Healthcare | REVOLUTIONIZED

Funded by:



Immigration, Refugees
and Citizenship Canada

Financé par :

Immigration, Réfugiés
et Citoyenneté Canada

With contributions from:

pchs
Serving Diverse Communities